“কাউকে যেন আল্লাহ কর্তৃক নির্ধারিত অপরাধের নির্দিষ্ট হদ্দ (দণ্ড) ব্যতীত দশ বেত্ৰাঘাতের বেশি বেত্ৰাঘাত না করা হয়।”

আবূ বুরদাহ আল-আনসারী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছেন: “কাউকে যেন আল্লাহ কর্তৃক নির্ধারিত অপরাধের নির্দিষ্ট হদ্দ (দণ্ড) ব্যতীত দশ বেত্ৰাঘাতের বেশি বেত্ৰাঘাত না
করা হয়।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করেছেন যে, কাউকে যেন গুনাহ ছাড়া অন্য কোন কারণে দশটির বেশি বেত্রাঘাত না করা হয়। এখানে শরী‘আহ দ্বারা নির্ধারিত নির্দিষ্ট সংখ্যক বেত্রাঘাত বা শাস্তি উদ্দেশ্য নয়। বরং উদ্দেশ্য হলো, অন্যান্য শাস্তিমূলক প্রহারে দশটি বেত্রাঘাতের বেশি যেন না দেয়া হয় যেমন স্ত্রী বা সন্তানকে প্রহার করার ক্ষেত্রে।

http://sunnah.global/hadeeth/bn/show/2987